তারিখ ... 1[illegible] FEB 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

দৈনিক ইত্তেফাক

03

## রাজশাহী ভার্সিটি বিএ পরীক্ষার ফল প্রকাশ

বাসস জানায়, ১৯৮৯ সালের জুন-জুলাই মাসে অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮ সালের বিএ (পাস) পরীক্ষার এলাফল গত সোমবার প্রকাশিত হয়। ২৫ হাজার ৩২ জনের মধ্যে ৫ হাজার ২৯৯ জন পরীক্ষার্থী পাস করিয়াছেন। পাসের হার ২১ দশমিক ১৬। তন্মধ্যে ৩ জন প্রথম বিভাগ, ৪০৬ জন ২য় বিভাগ এবং ৪ হাজার ৮৯০ জন তৃতীয় বিভাগ পান। প্রথম বিভাগপ্রাপ্তরা হইতেছেন ঝিনাইদহ সরকারী কলেজের আবদুল মালেক, নড়াইল সরকারী ভিক্টোরিয়া কলেজের এ, বি, এম মাহফুজুর রহমান ও পাবনা এডওয়ার্ড কলেজের সৈয়দ মোঃ আবদুল গফুর।

## যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল প্রকাশ

যশোর প্রতিনিধির ফোন: গত সোমবার যশোর শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের এইচ এস সি কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল প্রকাশিত হয়। পাসের হার শতকরা ৭১ দশমিক ৭ ভাগ। পরীক্ষায় মোট ৯ হাজার ৭৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। পাস করিয়াছে ৬ হাজার ৪৪৯ জন।